

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

সমৰ্য শাখা

www.mole.gov.bd

বিষয়ঃ নেতৃত্ব কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতিঃ	কে এম আলী আজম সচিব
সভার স্থানঃ	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার তারিখঃ	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সভাকক্ষ ৩০ ডিসেম্বর ২০১৯
সময়ঃ	বিকাল ০৩.০০ ঘটিকা

সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকাঃ পরিশিষ্ট ‘ক’

সভাপতি নেতৃত্ব কমিটির উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন বার্ষিক কর্মসম্পাদন চুক্তির একটি অন্যতম অনুসংগ হলো শুক্রাচার কর্ম-পরিকল্পনা। রাষ্ট্রীয় জীবনে সুশাসন প্রতিষ্ঠায় শুক্রাচার চর্চা একটি অপরিহার্য কৌশল। শুক্রাচার প্রতিষ্ঠায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা প্রয়োজন। প্রাতিষ্ঠানিক শুক্রাচার প্রতিষ্ঠাকল্পে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত জাতীয় শুক্রাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন অত্যন্ত জরুরী। এ কর্ম-পরিকল্পনার অংশ হিসেবে মন্ত্রণালয়ে শুক্রাচার প্রতিষ্ঠাকল্পে গঠিত নেতৃত্ব কমিটির সভা অত্যন্ত গুরুত্বপূর্ণ মর্মে সভাপতি অভিমত ব্যক্ত করেন।

২। সভাপতির অনুমতিক্রমে এ মন্ত্রণালয়ের শুক্রাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা যুগ্মসচিব (সমৰ্য ও আদালত) শাকিলা জেরিন আহমেদ সভার শুরুতেই নেতৃত্ব কমিটির বিগত সভার কার্যবিবরণী তুলে ধরেন এবং কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের বিষয়ে আলোকপাত করেন। দেখা যায় বিগত সভার বেশির ভাগ সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে ও কিছু বিষয় চলমান রয়েছে। পরবর্তীতে এ মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুক্রাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর ২০১৯) প্রাপ্ত তথ্যাদি সম্বলিত খসড়া প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় ২য় কোয়ার্টারের বেশির ভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে ও কিছু বিষয় চলমান রয়েছে। যে সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি তা যথাসময়ে অর্জনের বিষয়ে সচিব নির্দেশনা প্রদান করেন। সভায় ২৩/১২/২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত কর্মশালার নির্দেশনা অনুযায়ী শুক্রাচার কর্মপরিকল্পনার কয়েকটি বিষয় সংশোধন করা প্রয়োজন মর্মে আলোচনা হয়। মন্ত্রণালয়ের সিটেম এনালিষ্ট সিটিজেন চার্টার বাস্তবায়ন অগ্রগতি পরিবৃক্ষনের কাজ চলমান আছে মর্মে জানান। এতদ্ব্যতীত মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তরসমূহের শুক্রাচার কর্ম-পরিকল্পনা ও সিটিজেন চার্টার যথাযথভাবে বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করা হয়। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্তঃ

- (ক) এ মন্ত্রণালয়ের জাতীয় শুক্রাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর ২০১৯) লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জনের অগ্রগতি বিষয়ক খসড়া প্রতিবেদন অনুমোদন করা হয়;
- (খ) সভার আলোচনা মোতাবেক বিগত ২৩/১২/১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত কর্মশালার নির্দেশনা অনুযায়ী শুক্রাচার কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর কতিপয় অনুচ্ছেদ কিঞ্চিত সংশোধনপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে যথাসময়ে প্রেরণ করতে হবে;
- (গ) ৩১ ডিসেম্বর ২০১৯ পর্যন্ত সময়ে এ মন্ত্রণালয়ের সংশোধিত শুক্রাচার কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জনের অবশিষ্ট তথ্যাদি অন্তর্ভুক্ত করে ২য় কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫ জানুয়ারি ২০২০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণসহ স্ব-স্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। সেই সঙ্গে যেসব ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি তা যথাসময়ে অর্জনের পদক্ষেপ নিতে হবে;


৪

(ঘ) মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার শুক্রাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এ কোন সংযোজন/বিয়োজন/সংশোধন প্রয়োজন হলে তা ২য় কোয়ার্টারের স্ব-স্ব নেতৃত্বে কমিটির সভায় অনুমোদনপূর্বক সংশোধন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

(ঙ) মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার শুক্রাচার কৌশল কর্ম-পরিকল্পনা/সংশোধিত কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ এর ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনে লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জনের তথ্যাদি অন্তর্ভুক্ত করে প্রমাণকসহ নির্দেশিকা মোতাবেক যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। যেসব ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি তা যথাসময়ে অর্জনের পদক্ষেপ নিতে হবে;

(চ) মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকলকে ওয়েবসাইটের সেবাবক্সসমূহ হালনাগাদকরণসহ জাতীয় শুক্রাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ বাস্তবায়নে যথাযথ কায়ক্রম গ্রহণ করতে হবে এবং সিটিজেন চার্টার বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষন করতে হবে।

পরিশেষে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক জাতীয় শুক্রাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০২০ বাস্তবায়নসহ সিটিজেন চার্টার যথাযথভাবে বাস্তবায়নসহ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয় এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 কে এম আলী আজম
 সচিব
 শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়